

৩১তম সিটি কাউন্সিল ডিস্ট্রিক্ট

শেরী এস. মারে (Scherie S. Murray) (R)

রোজডেল, লরেলটন, স্প্রিং ফিল্ড গার্ডেনস ও ফার বকোওয়ে; আমি সিটি কাউন্সিলে আপনাদের প্রার্থী। আমার নাম Scherie Murray এবং এখন নতুন নেতৃত্বের সময়। আজকের রাজনীতির দুর্নীতি আর স্ব-স্বার্থ চরিতার্থতায় আমি বিরক্ত। সে জন্যই আমি সিটি কাউন্সিল নির্বাচনে অবতীর্ণ হয়েছি। আমি আইনে ডিগ্রী পেয়েছি গভর্নমেন্ট এন্ড কমিউনিটি সার্ভিস হাই স্কুল থেকে আমি ব্যতিক্রমী কমিউনিটি সেবা পুরস্কার সহ ডিপ্লোমা করেছি। বর্তমানে, CUNY থেকে আমার দুটো ডিগ্রী আছে; মাইক্রোকম্পিউটার বিজনেস সিস্টেম ও ব্রডকাস্ট জার্নালিজম। বন্ধুগণ, এ ডিস্ট্রিক্টে আমি ১৪ বছর যাবৎ বাস করছি। একজন অধিবাসী হিসাবে, প্রতিটি কমিউনিটিকে ক্ষতিগ্রস্ত করার মতো সমস্যাবলীর লম্বা তালিকা সম্পর্কে আমি অবগত; এবং যদি আপনারা আমাকে নির্বাচিত করেন এইভাবে যে জনগণের যে পলিসি রয়েছে সেটা তেজোদ্দীপ্ত করে আপনাদের ও আপনাদের পরিবারের জীবনযাপন গুণমান উন্নততর করে এই তালিকাটি আমি সংক্ষিপ্ত করবো যারা আমাদের রাজনৈতিক ব্যবস্থার উপরে আস্থা হারিয়েছেন, আমি তাদেরকে নিরুৎসাহ না হওয়ার কথা মনে করিয়ে দিতে চাই। প্রতিটি ভোটই গুরুত্বপূর্ণ। আমিই সবচেয়ে উত্তম প্রার্থী কারণ আপনাদের জন্য গুরুত্বপূর্ণ বিষয়বলীর সমাধান আমি দিতে পারি। আমাকে নির্বাচিত করুন কারণ আমি পরবর্তী প্রজন্মের জন্য একজন আদর্শ। রোজডেল, লরেলটন, স্প্রিং ফিল্ড গার্ডেনস ও ফার বকোওয়ে আমি নতুন প্রজন্মের একজন নেতা। আমাদের তো একই সিটি কাউন্সিলে গত ১২ বৎসরের নেতৃত্ব রয়েছে। ১২ বৎসর যথেষ্ট সময়। এই সময়টা এখন নতুন প্রজন্মের। এই সময়টা হলো নতুন ধারণার এবং নতুন সমাধানের। নির্বাচনের দিন আমাকে ভোট দিন, Scherie Murray, কারণ এই সময়টা নতুন নেতৃত্বের।

*প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্য অনুবাদ করে মুদ্রিত। ক্যাম্পেইন ফাইন্যান্স প্রোগ্রাম অংশগ্রহণ করছেন।*